# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ২১তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ অগ্রহায়ণ ১৪২৫, ১৫ নভেম্বর ২০১৮

## শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে হাসুমণি পাঠশালা আয়োজিত বিশেষ প্রদর্শনী

হাসুমণির পাঠশালা সংগঠনের প্রথম বর্ষপূর্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত কর্মশালায় আঁকা প্রধানমন্ত্রীর ৭১টি প্রতিকৃতি এবং জামালপুরের ঐতিহ্যবাহী সুঁচিশিল্প প্রদর্শনীর সমাপনী উৎসব গত ২৮ অক্টোবর ২০১৮ বাংলাদেশ জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বরেণ্য শিল্পী অধ্যাপক জামাল আহমেদ ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মো. মাকছুদুর রহমান পাটওয়ারী।

হাসুমণির পাঠশালা সংগঠন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর যৌথভাবে এই প্রদর্শনীর আয়োজন করে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গত ১২ অক্টোবর ২০১৮ বাংলাদেশ জাতীয় জাদুঘরে নবীন-প্রবীণ শিল্পীদের ৭১টি আঁকা প্রতিকৃতি ও জামালপুরের ১০১টি সুঁচিশিল্প নিয়ে এই প্রদর্শনীর শুরু হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি।



হাসুমণির পাঠশালা সংগঠনের প্রথম বর্ষপূর্তিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত কর্মশালায় আঁকা প্রধানমন্ত্রীর ৭১টি প্রতিকৃতি এবং জামালপুরের ঐতিহ্যবাহী সুঁচিশিল্প প্রদর্শনীর সমাপনী উৎসব গত ২৮ অক্টোবর ২০১৮ বাংলাদেশ জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।



আইন বিভাগের এলএলবি ৩য় বর্ষ সম্মান শ্রেণির ২ জন কৃতী শিক্ষার্থী 'বিচারপতি সিকান্দার আলী মেমোরিয়াল বৃত্তি' লাভ করেছেন। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গত ৫ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠান উদ্বোধন করেন।

### বিচারপতি সিকান্দার আলী মেমোরিয়াল বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী

## গণতন্ত্র ও আইনের শাসন সমুন্নত রাখার ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে-স্পিকার

সদাচরণ, ক্লাসে নিয়মিত উপস্থিতি ও লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের এলএলবি ৩য় বর্ষ সম্মান শ্রেণির ২ জন কৃতী শিক্ষার্থী 'বিচারপতি সিকান্দার আলী মেমোরিয়াল বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- জয়ন্ত মৃধা এবং ইফাত ছাদিয়া মীম। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গত ৫ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠান উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক প্রধান বক্তা এবং আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন ট্রাস্ট ফান্ডের দাতা মিসেস সারওয়ার সুলতানা এবং ধন্যবাদ জ্ঞাপন করেন আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হক। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গণতন্ত্র ও আইনের শাসন সমুন্নত রাখার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, সমাজে আইনের শাসনের অনুপস্থিতি ক্ষমতার অপব্যবহারকে উৎসাহিত করে। সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে আইন বিষয়ে ব্যাপক জনসচেতনতা দরকার। এজন্য আইন শিক্ষার প্রসারের ওপর তিনি গুরুত্বারোপ করেন। আইনের শাসন সমুন্নত রাখতে বিচারকদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে তিনি মন্তব্য করেন।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক মানুষের মৌলিক অধিকার রক্ষা, সামাজিক ন্যায়বিচার ও বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে আইনের শাসন প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করে বলেন, ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার পর দেশে ইনডেমনিটি অধ্যাদেশ জারি করা হয়। এর মাধ্যমে দেশে আইনের শাসনের পথ রুদ্ধ করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান আওয়ামী লীগ সরকার দেশে পুনরায় আইনের শাসন প্রতিষ্ঠা করেছে। বাংলাদেশে আইনের শাসন সমুন্নত রাখতে বর্তমান সরকার বদ্ধপরিকর বলে তিনি উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সর্বত্র আইন মানার সংস্কৃতি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, আইনের শাসন সমুন্নত রাখার মাধ্যমে দেশে সুস্থ সমাজ ব্যবস্থা গড়ে তুলতে হবে। সমাজ পরিবর্তনে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য বলেন, বিচারপতি সিকান্দার আলীর জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে শিক্ষার্থীদের সৎ, বিনয়ী, উদার ও মানবিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে ওঠতে হবে।

## আইবি-এর 'গ্র্যাজুয়েশন উৎসব'

উৎসবমুখর পরিবেশে গত ২ নভেম্বর ২০১৮ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) বিবিএ ২২তম, এমবিএ ৫৪তম ও ৫৫তম এবং এক্সিকিউটিভ ইএমবিএ ২৪তম, ২৫তম ও ২৬তম ব্যাচের 'গ্র্যাজুয়েশন উৎসব' অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্র্যাজুয়েটদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যে শিক্ষার্থীদের দেশ ও জাতির উন্নয়নে কাজ করার আহ্বান জানান।

আইবিএ'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ ফারহাত আনোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে গ্র্যাজুয়েশন স্পিকার হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশন (এফবিসিসিআই)-এর সভাপতি শফিউল ইসলাম মহিউদ্দিন। স্বাগত বক্তব্য প্রদান করেন এমবিএ প্রোগ্রামের সমন্বয়কারী ড. মো. মহিউদ্দিন। বিবিএ, এমবিএ ও ইএমবিএ গ্র্যাজুয়েটদের উপস্থাপন করেন বিবিএ প্রোগ্রামের সমন্বয়কারী শাকিলা ইয়াসমিন, এমবিএ প্রোগ্রামের সমন্বয়কারী ড. মো. মহিউদ্দিন এবং ইএমবিএ প্রোগ্রামের সমন্বয়কারী ড. মো. রেজাউল কবির।

## শেরে বাংলা এ কে ফজলুল হকের ১৪৫তম জন্মবার্ষিকী পালিত

গত ২৬ অক্টোবর ২০১৮ জাতীয় নেতা শেরে বাংলা এ কে ফজলুল হকের ১৪৫তম জন্মবার্ষিকী উৎসব পালিত হয়েছে। এ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ করেন ও মাজার জিয়ারত করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে কবির মাজার প্রাঙ্গণে শেরে বাংলা জাতীয় স্মৃতি সংসদ, বিশ্ব বাঙালি সম্মেলন এবং কৃষক শ্রমিক পার্টির যৌথ আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেরে বাংলা জাতীয় স্মৃতি সংসদ ও বিশ্ব বাঙালি সম্মেলনের সভাপতি মুহম্মদ আবদুল খালেক।

## রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের বর্ণাঢ্য আয়োজনে ৫ম পুনর্মিলনী উৎসব

"সুবর্ণ স্মৃতির মধুর আনন্দে এসো মিলি মোরা সৃজনী ছন্দে" প্রতিপাদ্য নিয়ে বর্ণাঢ্য আয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের ৫ম পুনর্মিলনী উৎসব অনুষ্ঠিত হয়েছে। গত ২ নভেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে দিনব্যাপী এই পুনর্মিলনী উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক রওশন আরা ফিরোজের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট মনোবিজ্ঞানী ও ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস, এগ্রিকালচার এন্ড টেকনোলজির উপ-উপাচার্য অধ্যাপক হামিদা আখতার। বিশেষ অতিথি ছিলেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, রোকেয়া হল ও ঢাকা বিশ্ববিদ্যালয়- উভয়ই স্বতন্ত্র অভিধায় বিশেষভাবে গর্বের। ১৯৫৬ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে হলটি বহু গুণী ব্যক্তিত্ব তৈরি করেছে। তিনি আরও বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে প্রতিষ্ঠিত হলেও রোকেয়া হল (১ম পৃষ্ঠার পর)



## কার্জন হলে প্রথমবারের মতো অনুষ্ঠিত হল বাংলাদেশ রোবট অলিম্পিয়াড



মঞ্চে বসে আছেন অতিথিরা। আর মঞ্চের ঠিক সামনেই সারি সারি ভাবে সাজানো বিভিন্ন আকৃতির রোবট। এদের মধ্যে বুদ্ধিমান এক রোবট তার যান্ত্রিক শরীর নিয়ে মঞ্চের সামনে দাঁড়িয়ে অতিথিদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য উপস্থাপন করেন। এর কিছুক্ষণ পরেই প্রধান অতিথি বেলুন উড়িয়ে মূল পর্বের উদ্বোধন করেন। আর এ অংশটুকু অতিথিদের মাথার ওপর ঘুরে ভিডিও ধারণ করার দায়িত্ব পালন করছেন আরেকটি ড্রোন রোবট। এভাবে গত ২৬ অক্টোবর ২০১৮ সারা দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল ছিলো রোবটময়। সব কিছুতেই ছিলো রোবটের ছোঁয়া।

চলতি বছরে ডিসেম্বরে ফিলিপাইনের ম্যানিলাতে অনুষ্ঠেয় ২০তম আন্তর্জাতিক রোবট অলিম্পিয়াডে বাংলাদেশ দল নির্বাচনের জন্য প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো বাংলাদেশ রোবট অলিম্পিয়াড ২০১৮। রোবটময় এ অলিম্পিয়াড বেলুন উড়িয়ে উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। তিনি বলেন, আজ আমি একটা ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে পারছি। আমি দেশের প্রথম রোবট অলিম্পিয়াডের (১ম পৃষ্ঠার পর)



গত ৩ নভেম্বর ২০১৮ জেল হত্যা দিবস উপলক্ষ্যে ‘স্মরণে জাতীয় চার নেতা’ শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করে “স্লোগান’ ৭১” । স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । ছবিতে উপাচার্যকে চার নেতার প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপন করতে দেখা যাচ্ছে ।




উৎসবমুখর পরিবেশে গত ২ নভেম্বর ২০১৮ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) বিবিএ ২২তম, এমবিএ ৫৪তম ও ৫৫তম এবং এক্সিকিউটিভ ইএমবিএ ২৪তম, ২৫তম ও ২৬তম ব্যাচের ‘গ্র্যাজুয়েশন উৎসব’ অনুষ্ঠিত হয়েছে । ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্র্যাজুয়েটদের মাঝে সনদপত্র বিতরণ করেন ।




ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরি কর্মচারী সমিতির ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ৬ নভেম্বর ২০১৮ সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয় । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি মোঃ মোজাম্মেল হক ।

# কার্জন হলে প্রথমবারের মতো অনুষ্ঠিত হল বাংলাদেশ রোবট অলিম্পিয়াড

(২য় পৃষ্ঠায় দেখুন) উদ্বোধন করতে পারছি। এটি আমার জন্য খুবই সৌভাগ্যের বিষয়। তিনি বলেন, প্রযুক্তিকে কাজে লাগিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। নতুন নতুন ইনোভেশন নিয়ে কাজ করতে হবে। শিশুদের মনের জগতের চিন্তাগুলো প্রকাশের সুযোগ করে দিতে হবে। তাহলেই তরুণদের হাত ধরে এগিয়ে যাবে দেশ। রোবট কখনোই মানুষের প্রতিদ্বন্দ্বী হবে না এ আশাবাদ ব্যক্ত করে ড. মো. আখতারুজ্জামান বলেন, আমাদের বুদ্ধিমান রোবট তৈরি করতে হবে। যেনো রোবট মানুষের কাজকে আরও সহজ করে দিতে পারে। মানুষের মানবিক গুনগুলো দিয়ে রোবটকে পরিচালনা করতে হবে। কিন্তু মানুষকে কখনোই মানবিকগুণ হারিয়ে রোবট হলে চলবে না।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন ড. লাফিফা জামাল, ডেটাসফট্-এর ব্যবস্থাপনা পরিচালক মাহবুব জামান, বাংলাদেশ আইএসপি এসোসিয়েশনের সভাপতি আমিনুল হাকিম প্রমুখ উপস্থিত ছিলেন।

রোবট অলিম্পিয়াডের আয়োজন ও ব্যাবস্থাপনার দায়িত্বে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন)।

প্রতিযোগিতায় ৭ থেকে ১৮ বছরের শিশু-কিশোররা অংশগ্রহণ করে। মিশন চ্যালেঞ্জ, ক্রিয়েটিভ ক্যাটাগরি, রোবট ইন মুভি, রোবটিক বুদ্ধি ও কুইজ নিয়ে প্রতিযোগিতাটি সাজানো হয়। বিকালে অনুষ্ঠিত হয় পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনতা ব্যাংকের চেয়ারম্যান লুনা শামসুদ্দোহা।বিভিন্ন ক্যাটাগরিতে মোট ৪১জনকে পুরস্কৃত করা হয়।

# রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের বর্ণাঢ্য আয়োজনে ৫ম পুনর্মিলনী উৎসব

(২য় পৃষ্ঠায় দেখুন) প্রতিষ্ঠিত হয় ১৯৫৬ সালে । তারপরও রোকেয়া হলের অনবদ্য অবদান রয়েছে । ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান দুটি পর্যায়ে বিন্যস্ত । প্রথম পর্যায়টি ১৯২১ থেকে ১৯৪৮ সাল । জাতির মনস্তাত্ত্বিক উন্নয়ন এবং আদর্শ ও দর্শনের উপযুক্ততা ধারণ করার মানসকাঠামো বিনির্মাণ হয়েছে এই সময়ে । এর দ্বিতীয় পর্যায় ১৯৪৮ থেকে ১৯৫২ সাল । এ সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে অসাম্প্রদায়িক চেতনার বিকাশ ঘটেছিল । এ চেতনাকে এগিয়ে নেওয়ার জন্য রোকেয়া হলের অবদান রয়েছে । উপাচার্য বলেন, বর্তমানে এ দেশে নারী নেতৃত্ব যেভাবে এগিয়েছে, সেটা কোনোভাবেই সম্ভব হতো না যদি না রোকেয়া হলের শিক্ষার্থীরা সমাজ বিনির্মাণে অবদান না রাখতেন । এই হলের অ্যালামনাইদের সঙ্গে বর্তমান প্রজন্মের যোগাযোগের ফলে যে মূল্যবোধের বিনিময় হয়েছে, তা অনুজদের জীবনে পাথেয় হিসেবে কাজ করবে ।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা । স্বাগত বক্তব্য প্রদান করেন হল রোকেয়া হল অ্যালামনাই এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মরিয়ম বেগম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সহসভাপতি অধ্যাপক সালমা আখতার ।

অনুষ্ঠানে এশিয়াটিক সোসাইটির সভাপতি অধ্যাপক মাহফুজা খানমকে সম্মাননা দেওয়া হয় ।

# মাহমুদ আলম জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক



মাহমুদ আলম

মাহমুদ আলমকে ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে । উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১১ নভেম্বর ২০১৮ তাকে এই নিয়োগ প্রদান করেন । এর আগে তিনি জনসংযোগ দফতরে উপ-পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছিলেন । গত ১২ নভেম্বর ২০১৮ তিনি ভারপ্রাপ্ত পরিচালক হিসেবে যোগদান করেছেন ।

মাহমুদ আলম ১৯৮৬ সালে জনসংযোগ দফতরে রিপোর্টার হিসেবে যোগদান করেন । পরবর্তীতে তিনি সিনিয়র রিপোর্টার, সহকারী পরিচালক এবং উপ-পরিচালক পদে পদোন্নতি পান । প্রায় এক দশক ধরে তিনি ‘ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা’র সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন ।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগ থেকে ১৯৮২ সালে বিএ (সম্মান) এবং ১৯৮৩ সালে এমএ ডিগ্রি অর্জন করেন । একই বিশ্ববিদ্যালয় থেকে তিনি রাষ্ট্রবিজ্ঞানে এমএসএস এবং এলএলবি ডিগ্রি অর্জন করেন । পরবর্তীতে তিনি দর্শন বিষয়েও এমএ ডিগ্রি লাভ করেন ।

মাহমুদ ১৯৭৯ সালে ছাত্রাবস্থায় জাতীয় ইংরেজি দৈনিক ‘দি নিউ নেশন’ পত্রিকায় সাংবাদিকতা শুরু করেন । ১৯৯৫ সাল পর্যন্ত তিনি এ পত্রিকায় স্টাফ রিপোর্টার, সাব-এডিটর, শিফ্‌ট ইন-চার্জ এবং ক্যাম্পাস পেইজ এডিটর হিসেবে দায়িত্ব পালন করেন । এছাড়া, তিনি ইংরেজি দৈনিক ‘দি ইন্ডিপেনডেন্ট’ ও ‘দি বাংলাদেশ অবজারভার’-এ রিপোর্টিং সেকশনে প্রায় ১২ বছর যাবৎ সাংবাদিকতা করেন ।

মাহমুদ আলম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, ফ্রান্স, জার্মানী, নেদারল্যান্ডস, বেলজিয়াম, স্পেন, বুলগেরিয়া, তুরস্ক, সৌদি আরব, নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, জাপান, কোরিয়া, ফিলিপাইন, চীন, হংকং, সিঙ্গাপুর সহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করেন । তিনি ১৯৬২ সালে পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার উত্তর সুবিদখালী গ্রামে জন্মগ্রহণ করেন । তিনি সুবিদখালী পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রয়াত শিক্ষক মোতাহার উদ্দিন এবং প্রয়াত আনোয়ারা বেগমের তৃতীয় সন্তান ।

# দাবা চ্যাম্পিয়নশীপ প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় দাবা চ্যাম্পিয়নশীপ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান গত ৯ নভেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত হয়েছে । বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চার দিনব্যাপী এই প্রতিযোগিতার উদ্বোধন করেন । এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় দাবা ও ক্যারম কমিটির সভাপতি অধ্যাপক ড. সীতেশ চন্দ্র বাছার, ঢাবি দাবা ক্লাবের সভাপতি ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক মোস্তফা মনজুর, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, কর্মকর্তা, প্রতিযোগী ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন ।

উদ্বোধনী বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াবিদদের প্রতি লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক সুস্থতা অর্জন এবং শৃঙ্খলার মূল্যবোধ প্রতিষ্ঠা করার আহ্বান জানান ।

উল্লেখ্য, প্রায় দেড় শতাধিক শিক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে । গত ১২ নভেম্বর ২০১৮ সোমবার প্রতিযোগিতা শেষ হয় ।

# তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের স্মারক বক্তৃতা ও বৃত্তি প্রদান



২০১৬ সালের বিএসএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের মেধাবী ছাত্র মো. আফতাব ‘তাজউদ্দীন আহমদ শান্তি স্বর্ণপদক’ লাভ করেছেন । এছাড়া, একই বিভাগের নওশীন আকন্দকে ‘তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি’ প্রদান করা হয়েছে । রচনা প্রতিযোগিতায় যথাক্রমে প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করায় বিভিন্ন বিভাগের ৫জন শিক্ষার্থীকে ‘তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড পুরস্কার’ প্রদান করা হয়েছে । ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৮ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক, বৃত্তি ও পুরস্কার তুলে দেন । ঢাকা বিশ্ববিদ্যালয় ‘তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড’ এই অনুষ্ঠানের আয়োজন করে ।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদ এর সদস্য সিমিন হোসেন রিমি, প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ । ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চেয়ার ও বিশিষ্ট ইতিহাসবিদ অধ্যাপক ড. মুনতাসীর মামুন ‘তাজউদ্দীন আহমদের ডায়েরিঃ এক তরুণের রাজনীতিবিদ হয়ে ওঠা’ শীর্ষক “তাজউদ্দীন আহমদ স্মারক বক্তৃতা ২০১৮” প্রদান করেন । স্বাগত ভাষণ দেন ‘তাজউদ্দীন আহমদ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডে’র দাতা ও প্রতিষ্ঠাতা মিসেস শারমিন আহমদ । ধন্যবাদ জ্ঞাপন করেন শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান মো. তৌহিদুল ইসলাম ।

স্মারক বক্তব্যে অধ্যাপক ড. মুনতাসীর মামুন তাজউদ্দীন আহমদের দেশপ্রেম ও ভাবনা, রাজনৈতিক দূরদর্শিতা, সাংগঠনিক দক্ষতা ও নেতৃত্বের যোগ্যতা, তাঁর রাজনৈতিক ও সামাজিক জীবনের নানা ঘাত-প্রতিঘাত ইত্যাদি বিষয় তুলে ধরেছেন । তাজউদ্দীন আহমদের কন্যা সিমিন হোসেন রিমি বলেন, তিনি স্কাউট আন্দোলনের সাথে যুক্ত ছিলেন এবং স্বাধীনতা পরবর্তী সময়ে সভাপতিও নির্বাচিত হন । সংগঠনের উপর তিনি বিশেষ গুরুত্ব দিতেন ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তাজউদ্দীন আহমদ সাধারন মানুষের জীবন নিয়ে ভেবেছেন, নিজেও সাধারণ জীবন-যাপন করেছেন । ইতিহাসের এই মহানায়ক মৃত্যুর শেষদিন পর্যন্ত ছিলেন আপোষহীন রাজনীতির অনুরক্ত । যখনই আমরা বাংলাদেশের ইতিহাস লিখব তখনই তাঁর নাম আসবে । শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, তাঁর রাজনৈতিক জীবন দর্শন থেকে শিক্ষালাভ করতে হবে । তাজউদ্দীন আহমদের জীবন দর্শনের প্রভাব শিক্ষার্থীদের জীবনে প্রতিফলিত হবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন ।

উল্লেখ্য, রচনা প্রতিযোগিতায় পুরস্কার লাভ করেন মো. সাইফুল ইসলাম খান (ইতিহাস), সুহৃদ সাদিক (বাংলা), প্রিয়াঙ্কা সুলতানা হেমা (পপুলেশন সায়েন্সেস), নাসরিন জেবিন (শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন) ও আহমদ সালমান সিরাজী (অণুজীব বিজ্ঞান বিভাগ) ।

# ‘৫ম জাতীয় ক্যাম্পাস প্রযুক্তি উৎসব’ উদ্বোধন




“IT enabled campus for better education”– প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির (ডিইউআইটিএস) আয়োজনে ৫ম বারের মতো ‘ক্যাম্পাস প্রযুক্তি উৎসব’ অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে গত ২৮ অক্টোবর ছাত্র-শিক্ষক কেন্দ্রে দু’দিন ব্যাপী এই উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ।

ডিইউআইটিএস-এর সভাপতি সাদেকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংগঠনের মডারেটর অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, উপদেষ্টা ড. মামুনুর রশিদ, রবি আজিয়াটা লিমিটেডের সিইও মাহতাব উদ্দিন আহমেদ, ডেল বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার আতিকুর রহমান ও এক্সেল টেকনোলজিস এর পরিচালক বিরেন্দ্রনাথ অধিকারী । এতে সম্মানিত অতিথি ছিলেন উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক সহকারী সচিব ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্তা এনডিসি এবং বাংলাদেশ রিসার্স এন্ড এডুকেশন নেটওয়ার্ক (বিডিরেন) এর সিইও এ কে এম হাবিবুর রহমান । এসময় আরও উপস্থিত ছিলেন ডিইউআইটিএস-এর সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ ।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, শুধু বিশ্ববিদ্যালয় নয় তথ্যপ্রযুক্তিমনস্ক সমাজ বিনির্মাণ করাই ডিজিটাল বাংলাদেশ নির্মাণের মৌলিক দর্শন । এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় একটি অনন্য প্রতিষ্ঠান । এতে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা বিশেষ ভূমিকা পালন করছে । প্রযুক্তি সম্প্রসারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আন্তরিক জানিয়ে উপাচার্য বলেন, তথ্যপ্রযুক্তির অপপ্রয়োগের ব্যাপারে সচেতনতা বাড়াতে হবে ।

উল্লেখ্য, উৎসবে মোবাইল অ্যাপস তৈরি, কুইজ ও গেমিং প্রতিযোগিতা, প্রজেক্ট প্রদর্শণ ছাড়াও উৎসব সমাপনীতে রয়েছে পুরস্কার বিতরণ ও কনসার্ট । উৎসবের প্রধান সহযোগী রবি আজিয়াটা লিমিটেড । অন্যতম সহযোগী সরকারের বিডিরেন প্রকল্প । এছাড়াও সহযোগিতা করেছে ফ্লোরা লিমিটেড, ডেল ও এক্সেল টেকনোলজিস লিমিটেড । উৎসবে দেশের ৪০টি বিশ্ববিদ্যালয় ও কলেজের প্রযুক্তিপ্রেমী শিক্ষার্থী ও শিক্ষক অংশ নিয়েছেন ।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## ফ্রান্সের অধ্যাপক

ফ্রান্সের রাজধানী প্যারিসের রসায়ন গবেষণা ইনস্টিটিউট (আইআরসিপি)-এর অধ্যাপক ড. বুবাকার দিওয়ারা গত ১ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। বাংলাদেশের দুই খ্যাতিমান গবেষক ড. মং সানো মারমা এবং ড. মাজহারুল এম. ইসলাম এসময় তাঁর সঙ্গে ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নব প্রতিষ্ঠিত থিওরেটিক্যাল এন্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি বিভাগের উন্নয়নে ফ্রান্সের অধ্যাপকের সহযোগিতা চান। ফ্রান্সের অধ্যাপক এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

## সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত সায়েদ মোহামেদ আল মেহেইরি গত ৬ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউছুফ সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশ এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করা সহ পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের সার্বিক উন্নয়নে সংযুক্ত আরব আমিরাতের সহযোগিতা চান। রাষ্ট্রদূত এ বিষয়ে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

## রাশিয়া প্রতিনিধিদল

রাশিয়ার স্টেট এটোমিক এনার্জি কর্পোরেশন রোসাটম-এর প্রতিনিধি মিখাইল ব্রোনিকোভের নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছাত্তার, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মো: শফিকুল ইসলাম এবং অধ্যাপক ড. শফিকুল ইসলাম ভূঁইয়া উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার ন্যাশনাল রিসার্চ নিউক্লিয়ার ইউনিভার্সিটির মধ্যে নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে শিগ্গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা ঐকমত্য প্রকাশ করেন।

## স্পেনের প্রতিনিধিদল

স্পেনিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ারের প্রধান অধ্যাপক মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ-এর নেতৃত্বে ৮-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক সান্তিয়াগো ফার্নান্দেজ মসকুয়েরা, অধ্যাপক আম্পারা পোর্টো রিভাস, অধ্যাপক এ্যানা ডি তারিও, এলিনা রোকা মোরো, জেভিয়ার তোরেস, মারিয়া ভিলারিনো এবং কার্লোস জার্সিয়া।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্পেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা, গবেষণা ও সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও সাংস্কৃতিক কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য প্রতিনিধি দলকে ধন্যবাদ জানান।

উল্লেখ্য, স্পেনের প্রতিনিধি দলটি 'Sports and Society in Current Spain' শীর্ষক দু'দিনব্যাপী সেমিনারে অংশ নিতে বাংলাদেশ সফর করে। এই সেমিনার গত ১৩ নভেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে শুরু হয়।

## ইউরোপীয় পার্লামেন্ট প্রতিনিধিদল

হেনরি মালোসের নেতৃত্বে ইউরোপীয় পার্লামেন্টের ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- রিয়াসার্ড কার্নেকেকি, আগনিক্স্কা স্কিগজ এবং মধু শর্মা।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ফার্মেসী অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম আব্দুর রহমান এবং আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বাংলাদেশে নারীর ক্ষমতায়ন, লিঙ্গ সমতা, ধর্মনিরপেক্ষতা এবং সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস এবং এর শিক্ষা, গবেষণা, সাংস্কৃতিক ও সামাজিক কার্যক্রম সম্পর্কে প্রতিনিধি দলকে অবহিত করেন। তিনি বলেন, মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন সহ দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয় অগ্রণী ভূমিকা পালন করেছে। দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও বিশ্বমানের স্নাতক তৈরীর লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সাম্প্রদায়িক সম্প্রীতি ও সামাজিক স্থিতিশীলতা রক্ষায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বদা সচেষ্ট বলেও তিনি উল্লেখ করেন।

## যুক্তরাষ্ট্রের ওয়াস্ট টেকনোলজিস, এলএলসি (ডব্লিউটিএল)-এর প্রতিষ্ঠাতা

যুক্তরাষ্ট্রের ওয়াস্ট টেকনোলজিস, এলএলসি (ডব্লিউটিএল)-এর প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট ড. মঈনুদ্দিন সরকার গত ১২ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এম নুরুল আমিন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এছাড়া, তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের ওয়াস্ট টেকনোলজিস, এলএলসি (ডব্লিউটিএল)-এর মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা প্রযুক্তি সংক্রান্ত পারস্পরিক সহযোগিতামূলক কর্মকান্ড গ্রহণের নিমিত্তে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। যুক্তরাষ্ট্রের ওয়াস্ট টেকনোলজিস, এলএলসি (ডব্লিউটিএল)-এর প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট ড. মঈনুদ্দিন সরকার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণের আগ্রহ প্রকাশ করেন।



রাশিয়ার স্টেট এটোমিক এনার্জি কর্পোরেশন রোসাটম-এর প্রতিনিধি মিখাইল ব্রোনিকোভের নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



ফ্রান্সের রাজধানী প্যারিসের রসায়ন গবেষণা ইনস্টিটিউট (আইআরসিপি)-এর অধ্যাপক ড. বুবাকার দিওয়ারা গত ১ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



স্পেনিশ ল্যাংগুয়েজ এন্ড কালচার বিষয়ক ইন্ডিটেক্স চেয়ারের প্রধান অধ্যাপক মারিয়া জোসেফা মার্টিনেজ লোপেজ-এর নেতৃত্বে ৮-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছে।



বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত সায়েদ মোহামেদ আল মেহেইরি গত ৬ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।



হেনরি মালোসের নেতৃত্বে ইউরোপীয় পার্লামেন্টের ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



যুক্তরাষ্ট্রের ওয়াস্ট টেকনোলজিস, এলএলসি (ডব্লিউটিএল)-এর প্রতিষ্ঠাতা এবং প্রেসিডেন্ট ড. মঈনুদ্দিন সরকার গত ১২ নভেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

# প্রিন্টমেকিং বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী ও পুরস্কার বিতরনী অনুষ্ঠান



চারুকলা অনুষদের প্রিন্টমেকিং বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮ গত ২৫ অক্টোবর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন এবং শিল্পকর্মের জন্য পুরস্কারপ্রাপ্তদের মাঝে পুরস্কার বিতরণ করেন। বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ রোকনুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন। সম্মানিত অতিথি ছিলেন অধ্যাপক সৈয়দ আবুল বার্‌ক আল্‌ভী, শিল্পী আহমেদ নাজির ও নাসরিদ কিবরিয়া। এছাড়া অনুষ্ঠানে প্রদর্শনীর আহ্বায়ক অধ্যাপক রেবেকা সুলতানা সহ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যে বলেন, এই ধরনের প্রদর্শনীর মধ্য দিয়ে শিক্ষার্থীদের বুদ্ধিবৃত্তিক চর্চার বহিঃপ্রকাশ ঘটে। শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে যোগসূত্র স্থাপনের মাধ্যমেই একটি প্রদর্শনী সফলতা লাভ করে। শিক্ষার্থীদের আরও নতুন মাত্রায় কাজে অনুপ্রেরণা দিতে সংশ্লিষ্ট সবাইকে উপাচার্য আহ্বান জানান।

প্রদর্শনী উপলক্ষ্যে শিল্পকর্মের স্বীকৃতিস্বরূপ অনুষ্ঠানে কয়েকজন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। বিএফএ ৩য় বর্ষের সৈকত আহমেদ 'শিল্পী মাহমুদুল হক পুরস্কার', বিএফএ ১ম বর্ষের রিতুরুপা তালুকদার 'শিল্পী সৈয়দ আবুল বার্‌ক আল্‌ভী পুরস্কার', এমএফএ ১ম পর্বের তাহিয়া হোসেন 'শিল্পী মোহাম্মাদ কিবরিয়া স্মৃতি পুরস্কার', এমএফএ ২য় পর্বের মো. আশরাফুল আলম 'শিল্পী হাবিবুর রহমান স্মৃতি পুরস্কার' লাভ করেছেন। 'মিডিয়া বেস্ট পুরস্কার' (বিএফএ) পেয়েছেন ৪র্থ বর্ষের তাফান্নুম কাগজী, নুসরাত জাহান ও ৩য় বর্ষের পুজা রায়। এছাড়া সকল মাধ্যমে শ্রেষ্ঠ নিরীক্ষামূলক চিত্রকর্মের জন্য 'শিল্পগুরু সফিউদ্দিন আহমেদ পুরস্কার- ২০১৮' পেয়েছেন এমএফএ ২য় বর্ষের মো. শাহেদ হোসেন। প্রদর্শনীতে ৩৯জন শিক্ষার্থীর ১৩০টি শিল্পকর্ম স্থান পেয়েছে। প্রদর্শনী চলে ২৫-৩১ অক্টোবর প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত।

# ভাস্কর্য বিভাগের বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী




ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য বিভাগের 'বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী-২০১৮' গত ১ নভেম্বর ২০১৮ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। ভাস্কর্য বিভাগের চেয়ারম্যান এ এ এম কাওসার হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ভাস্কর্য প্রাক্তন সংঘ ডুসকার সভাপতি ভাস্কর মুজিবুর রহমান ও প্রদর্শনীর আহ্বায়ক অধ্যাপক লালা রুখ সেলিম।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, বিভিন্ন প্রতিকূলতার মধ্য দিয়ে ভাস্কর্য শিল্প আজকের অবস্থানে এসেছে। উগ্র মানসিকতার মানুষেরা ধর্মের অপব্যাখ্যা দিয়ে দীর্ঘদিন এই প্রতিকূল অবস্থা সৃষ্টি করে রেখেছিল। পর্যটন শিল্পে ভাস্কর্যের গুরুত্ব অপরিসীম উল্লেখ করে উপাচার্য বলেন, শিল্পকর্ম ও সৃজনশীলতার নিজস্ব একটি শক্তি আছে।

প্রদর্শনীতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য থেকে অনন্য ৫টি শিল্পকর্মের শিল্পীদের মাঝে উপাচার্য সনদ ও পুরস্কার বিতরণ করেন। পুরস্কারপ্রাপ্ত শিল্পীরা হলেন- সুস্মিতা মুখার্জী মিষ্টি (শিল্পী আনোয়ার জাহান স্মৃতি পুরস্কার), মালিহা আক্তার (অধ্যাপক আবদুর রাজ্জাক স্মৃতি পুরস্কার), সুমন বর্মন (ভাস্কর নভেরা আহমেদ স্মৃতি পুরস্কার), গোবিন্দ পাল (মাধ্যম শ্রেষ্ঠ পুরস্কার) এবং অমিয় সরকার (নিরীক্ষামূলক শ্রেষ্ঠ পুরস্কার)।

উল্লেখ্য, ভাস্কর্য বিভাগের এই বার্ষিক শিল্পকর্ম প্রদর্শনী ৭ নভেম্বর ২০১৮ পর্যন্ত প্রতিদিন সকাল ১১:০০টা থেকে রাত ৮:০০টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত ছিল।

# ফয়জুন্নেছা মেমোরিয়াল ফাউন্ডেশনের মূলধন বৃদ্ধি



ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠিত "ফয়জুন্নেছা কবীর উদ্দীন রহমানী মেমোরিয়াল ফাউন্ডেশন"-এর মূলধন বৃদ্ধি করা হয়েছে। এই মূলধন বৃদ্ধির লক্ষ্যে প্রয়াত কবীর উদ্দীন রহমানীর কন্যা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. হাফিজা খাতুন ৫ লাখ টাকার একটি চেক গত ২৮ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রেজওয়ান হোসেন ভূইয়া, দাতার বোন অধ্যাপক ডা. লতিফা শামসুদ্দিন এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই ফাউন্ডেশনের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের বিএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন শিক্ষার্থীকে "ফয়জুন্নেছা কবীর উদ্দীন রহমানী মেমোরিয়াল ফাউন্ডেশন স্বর্ণপদক" প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি প্রয়াত কবীর উদ্দীন রহমানী এবং প্রয়াত বেগম ফয়জুন্নেছার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

# অধ্যাপক একেএম আবদুল মান্নান বৃত্তি পেলেন দুই শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন কৃতী শিক্ষার্থী "অধ্যাপক একেএম আবদুল মান্নান ট্রাস্ট ফান্ড" বৃত্তি লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - মো. আশরাফুল ইসলাম (গণিত) এবং মোস্তাফিজুর রহমান (ফলিত গণিত)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১২ নভেম্বর ২০১৮ উপাচার্য অফিস সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, ফলিত গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ ফেরদৌস, প্রয়াত অধ্যাপক একেএম আবদুল মান্নানের মেয়ে ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. জান্নাতুল ফেরদৌস এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবার, সমাজ তথা দেশের উন্নয়নে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের সর্বদা ভাল কাজের সঙ্গে সম্পৃক্ত থাকতে হবে।

উল্লেখ্য, প্রয়াত অধ্যাপক একেএম আবদুল মান্নান সরকারী কলেজের গণিত বিভাগের শিক্ষক ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ থেকে স্নাতক সম্মান ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তার ৩ ছেলে-মেয়ের সবাই সমাজে সুপ্রতিষ্ঠিত। ২০০৯ সালের ১০ জুলাই তিনি ঢাকায় ইন্তেকাল করেন।

# মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের উদ্যোগে "মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রদান এবং মোঃ নুরুল ইসলাম স্মৃতি কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থীদের সার্টিফিকেট প্রদান ও অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা"-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ১২ নভেম্বর ২০১৮ চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, মানবিক চেতনা নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে একত্রে কাজ করতে হবে। কে চতুর্থ শ্রেণি আর কে শিক্ষক তা ভাবলে হবে না। বরং আমরা সবাই একই মূল্যবোধ নিয়ে কাজ করতে চাই এবং এই ধারণা পোষণ করে এগিয়ে



বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ এবং মোঃ নুরুল ইসলাম স্মারক ট্রাস্ট ফান্ড ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের সভাপতি অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন এবং সাবেক সংসদ সদস্য, ট্রাস্টি বোর্ডের সদস্য ও মোঃ নুরুল ইসলামের সহধর্মিনী কবি রুবি ইসলাম। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যেতে হবে। সর্বদা মনে রাখতে হবে-আমরা সবাই একই পরিবারের সদস্য। পরিশেষে উপাচার্য বিশ্ববিদ্যালয়ে একটি সুন্দর পরিবেশ নির্মাণের মাধ্যমে সুন্দর সমাজ গড়ে তুলতে সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণি কর্মচারী ইউনিয়নের সভাপতি মোঃ শাহজাহান। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ সেলিম মিয়া।

# তাহমিনা বানু (শিলু) স্মারক বৃত্তি পেলেন ৩ শিক্ষার্থী



ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের প্রাক্তন ছাত্রী তাহমিনা বানু (শিলু) স্মরণে বিভাগের অসচ্ছল ও মেধাবী ৩জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। গত ৬ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন কনফারেন্স রুমে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে উপস্থিত ছিলেন ট্রাস্ট ফান্ডের দাতা তাহমিনা বানু (শিলু)'র বড় ভাই অধ্যাপক ড. মোহাম্মদ আলী তসলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেম ছাড়াও তাহমিনা বানু (শিলু)র কয়েকজন সহপাঠী বন্ধু ও শিক্ষার্থীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জ্ঞাপন করেন। তিনি সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- সুপ্তি বালা, মো. সাইদুর রহমান ও তনুশ্রী বিশ্বাস।

গত ১০ নভেম্বর ২০১৮ লিট ফেস্টের শেষ দিনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭১তম জন্মদিন উপলক্ষ্যে বাংলা ও ইংরেজি ভাষায় প্রকাশিত কবিতার সংকলন 'পিস অ্যান্ড হারমনি : সেভেন্টি ওয়ান পোয়েমস ডেডিকেটেড টু শেখ হাসিনা' নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বক্তব্য রাখেন।




**সম্পাদক:** মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫